২০২৬

ষষ্ঠ সেমেস্টার

# বাংলা - সাম্মানিক

পত্র : DSCC-15

(সাহিত্যের রূপ ও রীতি)

পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) মহাকাব্য কাকে বলে? এর কয়টি ভাগ ও কী কী? মহাকাব্যের বিভিন্ন বৈশিষ্ট্য উল্লেখ করে একটি সার্থক বাংলা সাহিত্যিক মহাকাব্যের পরিচয় দাও। ৩+২+১০

*অথবা*

(খ) ট্র্যাজেডির সংজ্ঞা দাও। গ্রীক ট্র্যাজেডি ও শেক্সপীয়ারিয়ান ট্র্যাজেডির মধ্যে পার্থক্য কোথায়? ট্র্যাজেডির বৈশিষ্ট্য উল্লেখ করে একটি সার্থক বাংলা ট্র্যাজেডির আলোচনা করো। ৩+২+১০

২। (ক) সামাজিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি আলোচনা করে এই শ্রেণির একটি বাংলা উপন্যাসের পরিচয় দাও। ৫+১০

*অথবা*

(খ) ছোটগল্প কাকে বলে? ছোটগল্পের বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করে উপন্যাসের সঙ্গে তার পার্থক্য নির্ণয় করো। ২+৮+৫

৩। (ক) উদাহরণসহ বস্তুনিষ্ঠ ও ব্যক্তিনিষ্ঠ — এই দুই ধরনের প্রবন্ধের বৈশিষ্ট্য চিহ্নিত করে এদের মধ্যে পার্থক্য নির্দেশ করো। ১০+৫

*অথবা*

(খ) ভ্রমণ সাহিত্য বলতে কী বোঝো? বাংলা ভাষায় লেখা একটি ভ্রমণ সাহিত্যকে অবলম্বন করে এই সাহিত্য সংরূপ সম্পর্কে তোমার ধারণা পরিস্ফুট করো। ৩+১২

৪। (ক) সনেটের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে উল্লেখ করো। ৫

*অথবা*

(খ) কমেডি কী? এর বৈশিষ্ট্যগুলি লেখো। ২+৩

৫। (ক) উপন্যাস ও রোমান্সের মধ্যে পার্থক্য কী? ৫

*অথবা*

(খ) অণুগল্প কাকে বলে? একটি উদাহরণের সাহায্যে এর বৈশিষ্ট্যগুলি বুঝিয়ে দাও। ১+৪

৬। (ক) সমালোচনা সাহিত্য কাকে বলে? এর বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। ২+৩

*অথবা*

(খ) জীবনী ও আত্মজীবনীর মধ্যে পার্থক্য নির্দেশ করো। ৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'রুবাই' কোন দেশীয় কবিতা?

(খ) 'গীতিকবিতা' কথাটির উৎস কী?

(গ) তিন পংক্তির কবিতাকে কী বলে?

(ঘ) 'পোয়েটিক্স' গ্রন্থের রচয়িতা কে?

(ঙ) 'জনা' কোন শ্রেণির নাটক?

(চ) 'জাগরী' কী জাতীয় উপন্যাস?

(ছ) 'পথের দাবী' উপন্যাসটি কী জাতীয় উপন্যাস?

(জ) "শেষ হয়েও হইল না শেষ"— কথাসাহিত্যের কোন সংরূপ সম্পর্কে একথা প্রযোজ্য?

(ঝ) একটি বাংলা চেতনাপ্রবাহরীতির উপন্যাসের নাম লেখো।

(ঞ) 'ঠাকুরমার ঝুলি' কী জাতীয় গ্রন্থ?

(ট) একটি বাংলা কাব্যনাটকের নাম লেখো।

(ঠ) 'কমলাকান্তের দপ্তর' কী জাতীয় গ্রন্থ?

(ড) 'রাশিয়ার চিঠি' কী জাতীয় রচনা?

(ঢ) 'bells letter'-এর বাংলা প্রতিশব্দ কী?

(ণ) একটি অ্যাবসার্ড নাটকের উদাহরণ দাও।

---